দৈনিক ইত্তেফাক
তারিখ 20 SEP 1993
পৃষ্ঠা ১ কলাম ৫

## রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ছাত্রদলের ২৮ জন কর্মকর্তার পদত্যাগ

রাজশাহী অফিস ।। রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদল সম্পর্কে কেন্দ্রীয় বিএনপি, ছাত্রদল ও যুব দলের অবজ্ঞা অবহেলা ও বিমাতা সুলভ আচরণসহ বিভিন্ন অভিযোগে ছাত্রদল কেন্দ্রীয় কমিটির

( শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ )

### পদত্যাগ

( ১ম পৃঃ পর )

সহ-সাধারণ সম্পাদক শাহীন শওক বিশ্ব-বিদ্যালয় শাখার ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক রাজ্জাকুল ইসলামসহ বিশ্ববিদ্যালয় ও হল শাখাসমূহের ২৮ জন কর্মকর্তা এক বিবৃতিতে তাহাদের পদত্যাগের কথা ঘোষণা করিয়াছেন। প্রায় দুই হাজার ছাত্র-ছাত্রী অপর এক বিবৃতিতে ছাত্র দলের সঙ্গে তাহাদের সম্পর্ক ছিন্ন করার কথা ঘোষণা করে।